

সাহেদা ওবায়দ নায়েম'র  
মহাপরিচালক : ঢাকা বোর্ডের  
ভারপ্রাপ্ত চেয়ারম্যান হারুন

ঢাকা রিপোর্টার্স এন্ড পাবলিক বিজ্ঞাপনের দুটি  
গুরুত্বপূর্ণ পদে পরিবর্তন এসেছে। এরমধ্যে  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীতে  
(নায়েম) মহাপরিচালক হিসেবে পদোন্নতি  
দিয়ে বদলী করা হয়েছে ঢাকা শিক্ষা বোর্ডের  
চেয়ারম্যান প্রফেসর সাহেদা ওবায়দকে।  
একই সঙ্গে ঢাকা বোর্ডের ভারপ্রাপ্ত  
চেয়ারম্যানের দায়িত্ব দেয়া হচ্ছে বোর্ডের  
সচিব প্রফেসর হারুনের রশীদ সিকদারকে।  
অপরদিকে নায়েমের ভারপ্রাপ্ত  
মহাপরিচালকের দায়িত্ব থেকে অব্যাহতি  
দিয়ে মোঃ বসিপুর রহমানকে নায়েমের  
পরিচালক (প্রশাসন) করা হয়েছে।  
সরকারের এ সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রফেসর  
সাহেদা ওবায়দ প্রফেসর হারুনের রশীদকে  
দায়িত্ব বুঝিয়ে দিয়ে নায়েমের মহাপরিচালক  
পদে যোগদান করেছেন।